বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৭(২০১৬-২০১৭)/২০১৭-২০১৮ তারিখঃ ২৮.০৬.২০১৮ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ গিয়াস উদ্দিন, কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার ইতিপূর্বে চট্টগ্রাম (পশ্চিম) অঞ্চলাধীন বিকেবি, আবুরহাট শাখায় কর্মকর্তা (ক্যাশ) হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাৎ/প্রতারণামূলক অপরাধের জন্য ৪১/২০১৬-১৭ নম্বর শৃংখলাজনিত বিভাগীয় মামলা রুজু করিয়া ২৯.১২.২০১৬ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ ৩৩৯৭/২০১৬-২০১৭/২১২৬ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ গিয়াস উদ্দিন আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদন্ডে দন্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদন্ডে দন্ডিত করা হইবে না এই মর্মে ২২.১০.২০১৭ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৭/ ২০১৬-২০১৭/১৩৪৫ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ গিয়াস উদ্দিন প্রাথমিকভাবে প্রস্তাবিত শাস্তি আরোপের জন্য আপনাকে প্রদত্ত অত্র বিভাগের ২২.১০.২০১৭ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতপরঃ কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাৎ/প্রতারণামূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরুদন্ড তথা চাকুরী হইতে বরখাস্তের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ) (উ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ গিয়াস উদ্দিন আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত

(মোঃ মোশাররফ হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ গিয়াস উদ্দিন
(ভঃ তঃ সূচক নং ঃ জি-৪৪৬)
কর্মকর্তা (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার।

স্থায়ী ঠিকানা ঃ
জনাব মোঃ গিয়াস উদ্দিন (জি-৪৪৬)
গ্রাম-আমবাড়ীয়া
ডাকঘর-মিরসরাই
থানা-মিরসরাই
জেলা-চট্টগ্রাম।

---

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৯৭(২০১৬-২০১৭)/২০১৭-২০১৮ / ৪৬৭২(৭) তারিখঃ ২৮.০৬.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।

০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, কক্সবাজার। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ গিয়াস উদ্দিন এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম(পশ্চিম)।

১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, কক্সবাজার।

১১। ব্যবস্থাপক, বিকেবি, মিরসরাই শাখা, চট্টগ্রাম (পশ্চিম)। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ গিয়াস উদ্দিন এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। তিনি উহা গ্রহণে অস্বীকার করিলে একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে তাহার কোন নিকট আত্মীয়ের (পিতা/মাতা/ভাই/বোন/স্ত্রী/পুত্র/কন্যা) নিকট প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণের মাধ্যমে হস্তান্তর করিবেন। তাহারাও অস্বীকৃতি জানাইলে একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার স্থায়ী ঠিকানার বসত বাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে দুইজন স্বাক্ষীর উপস্থিতিতে লটকাইয়া জারী করতঃ স্বাক্ষীগণের স্বাক্ষর, নাম, ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে) গ্রহণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন প্রণয়ন করিয়া উহা অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১২। ব্যবস্থাপক, বিকেবি, আবুর হাট শাখা, চট্টগ্রাম (পশ্চিম)।

১৩। নথি/মহানথি/মূলনথি।

26/06/2018

(মোঃ আব্দুর রউফ)

সহকারী মহাব্যবস্থাপক

D:\Sajedur Rahman\Sajedur Main Document\SAJEDUR ANNOUNS.doc